



Mohammadpur Preparatory School & College

15/1 Iqbal Road, Mohammadpur, Dhaka-1207; Phone: 9112663

Website: www.mpsc.edu.bd. E-mail: mphss08@yahoo.com

০১ জুন ২০২০ইং

প্রিয় অভিভাবকবৃন্দ,

আমার সালাম গ্রহণ করবেন। আশা করি আপনারা সবাই সুস্থ এবং নিরাপদ আছেন। বর্তমানের এই দুঃসময়ে আপনাদের সবার সাথে আমাদের স্কুল কর্তৃপক্ষ ও সকল শিক্ষক-শিক্ষিকা আমাদের প্রাণপ্রিয় শিক্ষার্থীদের নিয়ে অত্যন্ত উদ্বিগ্ন এবং চিন্তিত। বর্তমানের এই অনিশ্চয়তার সময় আমাদের বাচ্চারা মানসিকভাবে খুবই বিপর্যস্ত।

আপনারা ইতিমধ্যে দেখেছেন যে আমাদের শিক্ষকবৃন্দ সবার সীমিত সক্ষমতার মধ্যেও অনলাইনে শিক্ষা কার্যক্রম চালিয়ে গেছেন। এর মূল উদ্দেশ্য শিক্ষার্থীদের শেখা চালিয়ে যাওয়া এবং অভিভাবকদের একটি প্রাত্যহিক রুটিন বজায় রাখতে সাহায্য করা। ভবিষ্যতে আমাদের প্রিয় শিক্ষার্থীরা কবে শ্রেণিকক্ষে ফেরত আসবে তা অনিশ্চিত। স্কুল কর্তৃপক্ষ বাৎসরিক ক্যালেন্ডার অনুযায়ী শিক্ষা কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। অনলাইনে এই কর্মকাণ্ড কিভাবে আরো সহজ এবং কার্যকরী করা যায় তার প্রস্তুতি নেয়া হচ্ছে। আমরা জানি অনেক শিক্ষার্থী ফোন, কম্পিউটার বা ইন্টারনেটের কারণে পূর্ণ অংশগ্রহণ করতে পারছে না। তাদের জন্য পরবর্তীতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনারা জানেন যে, প্রিপারেটরি স্কুল কোনো সরকারি বা বেসরকারি সাহায্য গ্রহণ করে না। এটা আপনাদেরই স্কুল এবং আপনাদের সমর্থনেই চলে। এই স্কুলের প্রায় পাঁচশত শিক্ষক-শিক্ষিকা কর্মকর্তা-কর্মচারী আন্তরিকতা ও নিষ্ঠার সাথে সারা বছর সবার সেবায় নিয়োজিত। বর্তমানে আমরা সবাই স্বাস্থ্যগত অনিশ্চয়তার সাথে আর্থিক অনিশ্চয়তার মধ্যে আছি। এরপরেও আমাদের নিষ্ঠাবান শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের সমর্থনদানে আপনাদের সকল বকেয়া সহ নিয়মিত বেতন পরিশোধের বিনীত অনুরোধ জানাচ্ছি।

আমি আপনাদের এবং পরিবারবর্গের বিশেষ করে আমাদের প্রাণ প্রিয় শিক্ষার্থীদের সার্বিক মঙ্গল কামনা করছি।

আল্লাহ আপনাদের সহায় হোন।

ধন্যবাদান্তে

ডক্টর ম. তামিম

চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ

মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ